

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moca.gov.bd

স্মারক: ৪৩.০০.০০০০.১১২.০২.০৫১.১৭. ৬১১

তারিখ: ০২ বৈশাখ ১৪২৫
১৫ এপ্রিল ২০১৮

প্রেরক: হাসনা জাহান খানম
যুগ্মসচিব (প্রশাসন-২)
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

প্রাপক: প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ গৃহ নির্মাণ অগ্রিম ঋণ মঞ্জুরী।

জনাব,

আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, সরকার চলতি ২০১৭-২০১৮ অর্থ সালে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অনুকূলে গৃহ নির্মাণ অগ্রিম ঋণ মঞ্জুরী বাবদ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা থেকে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন কপিরাইট অফিস এর অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক জনাব সানোয়ার আহমেদ এর অনুকূলে ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকা জনস্বার্থে মঞ্জুর করতঃ গৃহ নির্মাণ ঋণ অগ্রিমের ১ম কিস্তি ৬০% হারে ৭২,০০০/- (বাহাত্তর হাজার) টাকা উত্তোলনের জন্য মঞ্জুরী প্রদান করা হলো।


২। ১ম কিস্তির অর্থ উত্তোলনের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ক্রয়কৃত জমি সরকারের নিকট যথারীতি বন্ধক দেয়ার পর ২য় কিস্তির অর্থ মঞ্জুরী দেয়া হবে। তাঁর মাসিক মূল বেতন ১৩,১২০/- (তেরো হাজার একশত বিশ) টাকা হিসাবে বরাদ্দকৃত টাকা তার ৩৬ মাসের মূল বেতনের অধিক নহে। উক্ত মঞ্জুরীকৃত অগ্রিমের টাকা তাঁর মাসিক বেতন বিল হতে ১,০০০/- (এক হাজার) টাকা হারে ১২০ (একশত বিশ) কিস্তিতে কর্তন করা হবে। মূল টাকার উপর ১০% হারে সুদ কর্তন করা হবে। আসল ও সুদের কোন কিস্তি যথা সময়ে পরিশোধ করা না হলে অনাদায়ী কিস্তির উপর ১১% হারে চক্রবৃদ্ধি হারে সুদ আদায় করা হবে। তিনি চাকুরী হতে অবসর গ্রহণ করলে বা অপসারিত হলে অথবা মারা গেলে তার ভবিষ্য তহবিলের অর্থ হতে অথবা অবসর ভাতা হতে যে কোন পন্থা অবলম্বনে এ ঋণ উসূল করা হবে। ১ম কিস্তির অর্থ উত্তোলনের ১২ মাস পর হতে উসূল হবে। মঞ্জুরীকৃত ঋণ অগ্রিম পরিশোধের বিষয়ে তার পক্ষে দু'জন স্থায়ী কর্মচারী নিশ্চয়তা প্রদান করেছেন।

৩। তিনি সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন রবীন্দ্র কাছারি বাড়ি, শাহজাদপুর এর একজন স্থায়ী কর্মচারী। তার জন্ম তারিখ ২৫-১২-১৯৮৪ এবং তিনি ০৭-১২-২০১১ তারিখ হতে সরকারী চাকুরীতে নিয়োজিত আছেন। তিনি ইতোপূর্বে এ খাতে কোন ঋণ অগ্রিম গ্রহণ করেন নাই। তাঁর নিকট এখাতে সরকারের কোন পাওনা নাই। তিনি ঢাকা জেলার সাবেক তেজগাঁও হালে ডেমরা থানা ও সাব-রেজিস্ট্রি অফিসের অধীন জে, এল নং-৩২০ মৌজা সারুলিয়া, খতিয়ান নং- ৬৯০, দাগ নং-এস, এ, ৫২৮ এ মোট সম্পত্তির পরিমাণ ২.৩০ (দুই একর ত্রিশ) শতাংশ জমির কাতে ০২ (দুই) শতাংশ জমি ক্রয় বায়না করেছেন। উক্ত জমির উপর মালিকের স্বত্ত্ব আছে এবং সর্বপ্রকার দায়মুক্ত মর্মে সরকারী উকিলের প্রত্যয়ন পত্র রয়েছে। তিনি যথারীতি চুক্তি সম্পাদন করেছেন তা পরীক্ষান্তে উপযোগী হিসেবে পাওয়া গেছে। জমি বিক্রেতার ও ক্রেতার স্বীয় স্বত্ত্বের যোগ্যতা যাচাই করা হয়েছে এবং রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের নিকট হতে অধিগ্রহণ বর্হিভূত নির্ধারিত পত্র পাওয়া গেছে। এ ঋণ মঞ্জুরীর ব্যাপারে প্রচলিত সব রকম নিয়ম পালিত হয়েছে।

৫। উক্ত ব্যয় ২০১৭-২০১৮ অর্থ সালের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের হিসাবের খাত '৩-৩৪০১-০০০১-৭৪০০ এর অর্ন্তভুক্ত ৭৪০১' গৃহ নির্মাণ অগ্রিম খাতের বরাদ্দ হতে মিটানো হবে।

৬। অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ০৪-১২-২০০৭ খ্রিঃ তারিখ জারীকৃত অম/অবি/বা-১/বিবিধ(৪৭)/২০০৭/১০৫৫ সংখ্যক আদেশের ক্ষমতাবলে এই আদেশ জারী করা হলো।

৭। এই আদেশে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



(হাসনা জাহান খানম)

যুগ্মসচিব

ফোন: ৯৫৭০৬৬৫


e-mail: ds_admin2@moca.gov.bd

স্মারক: ৪৩.০০.০০০০.১১২.০২.০৫১.১৭. (৩২২)

তারিখ: ০২ বৈশাখ ১৪২৫
১৫ এপ্রিল ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

- ০১। রেজিস্ট্রার অব কপিরাইট, কপিরাইট অফিস, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ০২। উপসচিব (বাজেট ব্যবস্থাপনা), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। সিনিয়র সহকারী সচিব ও ডিডিও, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। হিসাবরক্ষণ কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। সহকারী প্রোগ্রামার, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৭। হিসাবরক্ষণ কর্মকর্তা/হিসাব রক্ষক, কপিরাইট অফিস, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ০৮। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৯। জনাব জনাব সানোয়ার আহমেদ, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, কপিরাইট অফিস, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ১০। অফিস কপি/গার্ড ফাইল।


১৫.০৪.১৮
(হাসনা জাহান খানম)
যুগ্মসচিব